

খবর

মার্চ 7, 2017 তারিখে অবিলম্বে প্রকাশের জন্য

অধিক তথ্যের জন্য, যোগাযোগ করুন:
জোনাথান বারম্যান অথবা জেন বেটি (Jonathan Burman বা Jeanne Beattie)
(518) 474-1201
www.nysed.gov

অভিবাসী ছাত্রদের অধিকারের বিষয়ে নির্দেশিকা এবং সকল ছাত্রের মর্যাদা আইন এখন 20টি ভাষায় পাওয়া যাচ্ছে

রাজ্য শিক্ষা কমিশনার, মেরি এলেন এলিয়ার ঘোষণা করেছেন যে, ডিগনিটি ফর অল স্টুডেন্টস অ্যাক্ট (DASA)-এর এবং অভিবাসী ছাত্রদের অধিকারের উপর সাম্প্রতিককালে প্রকাশিত নির্দেশিকাটি এখন নিউ ইয়র্ক প্রদেশে কথিত 20টি ভাষায় উপলব্ধ। দেশব্যাপী বুলিং-এর উদ্দেশ্যে বলপ্রয়োগ, বৈষম্য এবং হেনস্তার ঘটনার ক্রমবর্ধমান সংখ্যা এবং সাম্প্রতিক কেন্দ্রীয় সরকার বা ফেডারেল পদক্ষেপসমূহের ফলস্বরূপ ভীতি এবং বিমূঢ়তার প্রতিক্রিয়া হিসাবে, রাজ্য শিক্ষা বিভাগ, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়ের সহযোগিতায়, এই গুরুত্বপূর্ণ বিষয়গুলির উপর বিদ্যালয় ডিস্ট্রিক্ট জেলাগুলির প্রতি নির্দেশিকা প্রদান করেছেন। এখন পিতা-মাতা, অভিভাবক এবং অন্যান্য উত্সাহী ব্যক্তিবর্গ এই গুরুত্বপূর্ণ নির্দেশিকাটির প্রতি বর্ধিত অধিকারযুক্ত।

চ্যাম্বলার বেটি এ. রোসা বলেন, "যখন আমরা একত্রিত হই, তখনই আমরা আমাদের ছাত্রদের তাদের বিদ্যালয়ে এবং আশেপাশে নিরাপদ এবং সহায়িত অনুভব করা নিশ্চিত করি"। "শিক্ষামূলক অভ্যন্তর প্রদানের উদ্দেশ্যে, যেখানে ছাত্র-ছাত্রীরা তাদের জাতি, উত্পত্তি, গৃহে কথিত ভাষা, অভিবাসনভিত্তিক অবস্থান, যৌন-অভিমুখীনতা অথবা অন্য যেকোন ভিত্তির ব্যতিরেকেই শিক্ষাগ্রহণের জন্য মুক্ত, আমাদের অঙ্গীকারগুলিকে আবশ্যিকভাবে পুনর্নিশ্চিত করতে হবে। আবশ্যিকভাবে সকল শিশুদের আমাদের নিজেদের আন্তরিক শক্তিতে, উষ্ণতা এবং সমবেদনা সহকারে বৃদ্ধি জড়িয়ে ধরতে হবে।"

কমিশনার এলিয়া বলেন, "নিউ ইয়র্ক শিক্ষা বিভাগ, বিদ্যালয় পরিবেশের সঙ্গে, যেখানে আমাদের ছাত্রগুলি প্রতি দিন শিক্ষালাভের জন্য উপস্থিত হয়, আপোসকারী যেকোন প্রকার পদক্ষেপ অতিশয় গুরুতরভাবে গ্রহণ করে"। "আমাদের সকল ছাত্রের বিনামূল্যে শিক্ষালাভ করার অধিকার আছে এবং বিদ্যালয়ে যেতে কোন শিশুরই ভয় পাওয়ার কথা নয়। সকল পিতা-মাতা এবং অভিভাবকদের নিকট তাঁদের এবং তাঁদের শিশুগুলির অধিকার সম্পর্কে তাঁদের যে সংস্থানগুলির বিষয়ে অবহিত থাকা প্রয়োজন সেগুলি প্রদান করা অন্তর্ভুক্ত করে, শিক্ষা গ্রহণের নিরাপদ এবং সহায়ক পরিবেশ সৃষ্টি করার লক্ষ্যে আমাদের আবশ্যিকভাবে, আমাদের ক্ষমতার অধীন সকল কিছুই করতে হবে।"

বিভাগটি বর্তমানে, পিতা-মাতা, অভিভাবক, এবং অন্যান্য আগ্রহী ব্যক্তিবর্গের জন্য নিউ ইয়র্ক প্রদেশে সর্বাধিকভাবে কথিত দশটি ভাষায় অনূদিত সংস্থানগুলি উপলব্ধ করেছে। ভাষাগুলি হল: স্প্যানিশ বা হিস্পানি, চীনা, আরবি, বাংলা, রুশ, উর্দু, হাইতিয়ান ক্রেয়লে, ফরাসি, কারেন এবং নেপালী। এটি, ছাত্রদের অধিকারগুলির আইনের অধীনে সম্ভাব্যভাবে সম্পূর্ণ সুরক্ষা নিশ্চিত করার উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেট অফিস অফ অ্যাটর্নি জেনারেল (OAG)-এর সহযোগিতায় প্রক্রিয়ার অধীন কর্মগুলির বিস্তার এবং বর্ধন ঘটায়।

অনুদিত দস্তাবেজগুলি, অ্যাটর্নি জেনারেল, এরিক টি. স্ল্যাডারম্যান এবং কমিশনার এলিয়া দ্বারা, বিদ্যালয় জেলাগুলিকে অভিবাসী শিশুগুলির নিউ ইয়র্কের সরকারি বিদ্যালয়গুলিতে প্রতিহিংসার ভয় ছাড়া উপস্থিত হওয়ার অধিকার নিশ্চিতকারী বিদ্যমান রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয় আইনগুলির প্রতি মান্যতা প্রদানের ক্ষেত্রে তাদের দায়িত্ব সম্পর্কে পুনঃস্মরণকারী সাম্প্রতিকতম প্রচারগুলিকে অন্তর্ভুক্ত করে। নির্দেশিকাটি জেলাগুলিকে, সেগুলির ছাত্রদের বিষয়ে ছাত্রদের নথিপত্রাদির গোপনীয়তার বিষয়ে আইনের অধীন কর্তব্যগুলির প্রাসঙ্গিক তথ্যগুলি প্রদান করে।

অতিরিক্তভাবে, DASA-এর অনুসারী ইতিবাচক বিদ্যালয় পরিবেশ সৃষ্টি এবং বজায় রাখার বর্ধিত প্রচেষ্টা ছাড়াও হেনস্তা, বলপ্রয়োগের ভীতি প্রদর্শন (বুলিং) এবং বৈষম্যের মোকাবিলা করা এবং প্রতিবেদন প্রদান করার ক্ষেত্রে বিদ্যালয়ের কর্মী, ছাত্র, এবং পিতা-মাতাদের সাহায্যের উদ্দেশ্যে নির্দেশিকা এবং সংস্থানসমূহ উপলব্ধ।

[এই উপাদানগুলি, এখানে 20টি ভাষায় উপলব্ধ।](#)

[এখানে অভিবাসন-সম্পর্কিত পদক্ষেপগুলির বিষয়ে তথ্যসমূহ পাওয়া যাবে এবং এখানে DASA-এর অধীন নির্দেশিকা এবং সংস্থানগুলির বিষয়ে তথ্যগুলি পাওয়া যাবে।](#)